

“স্মার্ট গ্রন্থাগার
স্মার্ট বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল।
Publiclibrary.narail.gov.bd

তারিখঃ ২০.০১.২০২৪ খ্রি.

স্মারক নং- ৪৩.২৬.৬৫০০.০০০.২৩.০০২.১৯-৯৮

বিজ্ঞপ্তি/ নোটিশ

বিষয়ঃ ৫ ফেব্রুয়ারি “জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪” উদযাপন উপলক্ষে বইপাঠ, চিত্রাঙ্কন, রচনা এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা।

৫ ফেব্রুয়ারি “জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪” উদযাপন উপলক্ষে জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল এর নিম্নোক্ত বিষয়ে বইপাঠ, চিত্রাঙ্কন, রচনা এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) বইপাঠ প্রতিযোগিতা :

ক্রমিক	শ্রেণি	তারিখ	সময়
১	উন্মুক্ত	০১.০২.২০২৪খ্রি.	সকাল ১১.০০ টা

খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা :

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয়	তারিখ	সময়
১	ক	শিশু শ্রেণি-দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	০২.০২.২০২৪খ্রি.	সকাল ১১.০০ টা
২	খ	৩য় শ্রেণি-৭ম শ্রেণি	আমার প্রিয় গ্রন্থাগার		

গ) রচনা প্রতিযোগিতা :

ক্রমিক	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার শেষ তারিখ
১	উন্মুক্ত	স্মার্ট নাগরিক গঠনে গ্রন্থাগারের ভূমিকা	১০০০	০৩.০২.২০২৪খ্রি. বিকাল ৪.০০ টা


ঘ) উপস্থিত বক্তৃতাঃ

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	উপস্থিত বক্তৃতার বিষয়	তারিখ	ও সময়
১	ক	৮ম-দ্বাদশ	তাৎক্ষণিক নির্ধারণ করা হবে	০৪.০২.২০২৪খ্রি.	সকাল ১১.০০টা
২	খ	স্নাতক-স্নাতকোত্তর	তাৎক্ষণিক নির্ধারণ করা হবে		

রচনা প্রতিযোগিতার বিষয়ে জ্ঞাতব্য : নড়াইল জেলার প্রতিযোগীদের স্বহস্তে লিখিত রচনা জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল-এ ডাকযোগে অথবা সরাসরি প্রেরণ করতে হবে।
রচনা পৌছানোর শেষ তারিখ ০৩.০২.২০২৪খ্রি.।

শর্তাবলীঃ

১. বইপাঠ প্রতিযোগিতা জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল চত্বরে অনুষ্ঠিত হবে। বইপাঠ প্রতিযোগিতার ক্ষেত্রে পঠিত বইসমূহ সংশ্লিষ্ট গ্রন্থাগারের হতে হবে এবং নির্ধারিত ফরম পূরণ করতে হবে। কর্তৃপক্ষ বইপাঠ প্রতিযোগীদের বই এবং মূল্যায়ন ফরম সরবরাহ করবে। মূল্যায়ন ফরমে প্রতিযোগী বইয়ের বিষয়ে তথ্য সারসংক্ষেপ উপস্থাপন করবে।
২. বইপাঠ মূল্যায়ন, চিত্রাঙ্কন ও রচনাপত্রে অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম ঠিকানা, সচল মোবাইল নম্বর এবং গ্রুপের নাম (চিত্রাঙ্কন ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগীদের ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।
৩. চিত্রাঙ্কন প্রতিযোগিতা জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল চত্বরে অনুষ্ঠিত হবে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য অংকন সরঞ্জাম সাথে আনতে হবে। চিত্রাঙ্কনে জলরঙ ব্যবহার করা যাবে না।
৪. রচনা A4 সাইজ এর সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
৫. রচনার ক্ষেত্রে ছাত্রছাত্রীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ডের ফটোকপি এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমাদিতে হবে হবে।



মোঃ নজরুল ইসলাম মুন্সী

লাইব্রেরি ইনচার্জ

জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল

ফোনঃ ০২৪৭৯৯২৩৮৯৩, মোবাইলঃ ০১৯১১-৮৫৬৬৭৪

সদয় অবগতি, ছাত্র-ছাত্রী ও সর্বসাধারণের প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য অনুরোধসহ (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়):-

- ১। জেলা প্রশাসক, নড়াইল।
- ২। অধ্যক্ষ, , নড়াইল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইল।
- ৫। উপজেলা মাধ্যমিক/প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইল।
- ৬। প্রধান শিক্ষক, , নড়াইল।
- ৭।